গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০১.০০০০.৭২২.০০০.১৮.০০০১.২৫.১০৬২ তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জরিপ ২০২৬' শীর্ষক জরিপের তথ্যসংগ্রহ কার্যক্রমে সহায়তা প্রদান সংক্রান্ত।

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে আর্থ-সামাজিক, জনমিতি, কৃষি, শিক্ষা, শিল্প, শ্রম, স্বাস্থ্য, জলবায়ু ও অর্থনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করে থাকে। বাংলাদেশের সংবিধানের ২৩ক অনুচ্ছেদ অনুযায়ী উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায় দেশের বৈচিত্র্যময় জনগোষ্ঠীর অবিচ্ছেদ্য অংশ। তাদের নিজস্ব বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি, ঐতিহ্য, ভাষা ও জীবনধারা রয়েছে। বাংলাদেশে সরকারিভাবে স্বীকৃত ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জাতিসত্তা রয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহারে পঞ্চম অংশে ধর্ম, সমাজ, সংস্কৃতি ও জাতীয় সংহতির মধ্যে পাহাড় ও সমতলের "ক্ষুদ্র নৃগোষ্ঠী/Ethnic Communities" কে অগ্রাধিকার দেওয়ার কথা বলা আছে। দেশের উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ করার লক্ষ্যে বিবিএস কর্তৃক 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জরিপ ২০২৬' পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে, আগামী ০১-২৫ অক্টোবর, ২০২৬ খ্রি. মোট ২৫ (পঁচিশ) দিনব্যাপী সরাসরি সাক্ষাৎকার পদ্ধতিতে ট্যাবলেট ডিভাইসের মাধ্যমে Computer-Assisted Personal Interviewing (CAPI) প্রযুক্তি ব্যবহার করে দেশব্যাপী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ফুল কাউন্ট জরিপের তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে।

০২। দেশের বিভিন্ন সময় অনুষ্ঠিত শুমারি ও জরিপ পরিচালনায় মাঠ প্রশাসন অতীতে যে আন্তরিক সহযোগিতা প্রদান করেছে, সে জন্য আমি আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। পূর্বের ন্যায় 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জরিপ ২০২৬'-এর তথ্য-উপাত্ত সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে সম্পাদনের লক্ষ্যে জরিপ কর্মীদের সংশ্লিষ্ট খানায় প্রবেশাধিকার, তথ্যসংগ্রহে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান, মাঠপর্যায়ে জরিপ কর্মীদের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সর্বাত্মক প্রশাসনিক সহযোগিতা প্রদানের জন্য আপনার অধীন মাঠ প্রশাসন/সংস্থা/সংগঠন/বাড়ি মালিক সমিতিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার সহযোগিতা প্রয়োজন। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনার দিকনির্দেশনা ও সহযোগিতা জেলায় 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জরিপ ২০২৬' সুচারুরূপে বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

০৩। আগামী ০১-২৫ অক্টোবর, ২০২৬ খ্রি. মোট ২৫ (পঁচিশ) দিনব্যাপী পরিচালিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তথ্যসংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নে অর্থাৎ জরিপকর্মীগণকে তথ্যসংগ্রহে আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ ও আন্তরিক সহযোগিতা কামনা করছি।

মোঃ শামীমুল হক
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০০৭০৫৬
ইমেইল: dg@bbs.gov.bd

প্রাপক:

.....

.....

.....।